দৈনিক ইনকিলাব

JUN. 29 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

## দয়া করে আমাদের কথা ভাবুন

সরকার দেশের সরকারী কলেজসমূহে ৪ হাজার শিক্ষকের শূন্যপদে ২ হাজার ৫শ' শিক্ষক নিয়োগের উদ্যোগ গ্রহণের জন্য পাবলিক সার্ভিস কমিশনকে অনুরোধ জানিয়েছেন। সম্প্রতি শিক্ষাক্ষেত্রে সর্বোচ্চ বাজেট প্রণয়নের পাশাপাশি শিক্ষার মান উন্নয়নে সরকারের যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ সর্বমহলে প্রশংসিত হচ্ছে। শিক্ষকতার মহৎ পেশায় নিয়োজিত করার অভিপ্রায়ে অনেকের মতো বিসিএস (শিক্ষা)-কে প্রথম পছন্দ রেখে আমিও অদম্য মনোবল আর অসীম ত্যাগ নিয়ে ২০তম বিসিএস পরীক্ষায় অবতীর্ণ হই, যা ছিল আমার সরকারী চাকরিজীবী হবার সর্বশেষ সুযোগ। বিগত সরকারের অনিয়ম, দুর্নীতি আর দলীয়করণের যাঁতাকলে (বর্তমানে যা দুর্নীতি দমন ব্যুরোর মাধ্যমে প্রকাশিত হচ্ছে) একেবারে তীরে এসে আমার তরী ডুবলো। মৌখিক পরীক্ষা পরবর্তী চূড়ান্ত ফলাফল থেকে আমরা অনেকেই বিচ্যুত হলাম। জোট সরকারের প্রধানমন্ত্রীসহ অন্যান্য নেতৃবৃন্দ ঐ সময়ে ঘোষণা দিয়েছিলেন ক্ষমতায় গেলে তারা ২০তম বিসিএস পরীক্ষার ফলাফল বাতিল করবেন।

মাননীয় প্রধানমন্ত্রী, মানবিক কারণে হলেও ২০তম বিসিএস পরীক্ষায় আমরা যারা শিক্ষা ক্যাডারকে পছন্দের তালিকায় সর্বাগ্রে রেখেছিলাম, সরকারী কলেজসমূহে নতুন করে ২ হাজার ৫শ' শিক্ষক নিয়োগদানের পূর্বে দয়া করে আমাদের কথা ভাবুন।

–মোঃ ফরহাদ আহমেদ,
উছলাপাড়া, কুলাউড়া, মৌলভীবাজার।